গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**বিষয়: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়ন সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী**

সভাপতি: নিতাই চন্দ্র দে সরকার
পরিচালক (এমআইএম-চ.দা.)
ও
আহবায়ক, ই- গভর্ন্যান্স ও উদ্ভাবন টীম
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ: ০৮ অক্টোবর ২০২৩ বৃহস্পতিবার, সময়: দুপুর: ২.৩০ টা।

সভার স্থান: পরিচালক (এমআইএম) এর অফিস কক্ষ (লেভেল-৪)

উপস্থিতি: সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:

১। জনাব ঝরণা বেগম (উপসচিব), উপপরিচালক (কাবিখা-১), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
২। জনাব মোঃ ইউনুছ আলী (সিনিয়র সহকারী সচিব), উপপরিচালক (পরিকল্পনা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৩। জনাব প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৪। জনাব মো: আব্দুস ছোবহান, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (পরিকল্পনা শাখায় সংযুক্ত), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৫। সৈয়দ আশরাফ উল ইসলাম, কমিউনিকেশন মিডিয়া স্পেসালিষ্ট ও ফোকাল পয়েন্ট, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
৬। জনাব মোহাম্মদ হাফিজুর রহমান, সহকারী পরিচালক (জিআইএস), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়ন নিয়ে আলোচনা করার জন্য তিনি সদস্য-সচিব-কে আহবান জানান।

২। সভাপতির অনুমতিক্রমে এ কমিটির সদস্য-সচিব ও সহকারি পরিচালক (জিআইএস) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ১ম সভার অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র. ন. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে নূন্যতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে নূন্যতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এ আগামী ১৬/০৩/২০২৪ তারিখের মধ্যে সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে নূন্যতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের কথা রয়েছে। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরে সেবা সহজীকরণ/ডিজিটাইজেশন বাস্তবায়নের লক্ষ্যে এ অধিদপ্তরের সকল অনুবিভাগ ও সকল জেলা/উপজেলা হতে উদ্ভাবনী ধারণার প্রস্তাব চাওয়া হয়েছিল। সে প্রেক্ষিতে অত্র অধিদপ্তরের বিভিন্ন শাখা হতে ০৫টি ও দেশের ১৫টি জেলা হতে ৪৮টি উদ্ভাবনী ধারণার প্রস্তাবের উপর সভায় আলোচনা হয়। আলোচনান্তে সকল উদ্ভাবনী ধারণা হতে নিম্নে বর্ণিত ০৭টি উদ্ভাবনী ধারনা প্রাথমিকভাবে বাছাই করা হয়। এই ০৭টি উদ্ভাবনী ধারনা হতে যে কোন ০১টি উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন করা যেতে পারে মর্মে কমিটির সকল সদস্য একমত পোষন করেন।<br>০১) 'বিতরণ' সফটওয়্যারের মাধ্যমে ইজিপিপি কর্মসূচির আওতাধীন উপকারভোগীদের সফলভাবে বিতরণ | ১) উল্লিখিত উদ্ভাবনী ধারনাসমূহ হতে একটি ধারনা নির্বাচন করে বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২) ক্রমিক ০১ থেকে ০৪ পর্যন্ত প্রস্তাব পৃথক পৃথক মডিউল আকারে "সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপকারভোগীদের ডাটা বেজ তৈরিসহ বাস্তবায়িত প্রকল্পের তথ্য ও মজুরী পরিশোধ বিষয়ক অনলাইন সিস্টেম | প্রোগ্রামার (আইসিটি) ও সহকারী পরিচালক (জিআইএস) |

| ক্র. ন. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | ০২) টিআর ও কাবিখা প্রকল্পের প্রাক্কলন প্রস্তুতসহ বাস্তবায়িত প্রকল্পের তালিকা বরাদ্দের তথ্য ইত্যাদি বিষয়ক সফটওয়্যার তৈরী<br>০৩) অগ্রাধিকার ভিত্তিক উপকার ভোগীদের ডাটাবেজ তৈরী<br>০৪) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রকল্প/কার্যক্রমের আইডি প্রদানসহ ডাটাবেজ তৈরী<br>০৫) জেলা ত্রাণ গুদাম কাম দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্রে বিভিন্ন ধরনের প্রাকৃতিক দুর্যোগের আগাম বার্তা জানার যন্ত্রপাতি/সরঞ্জামাদি স্থাপনের মাধ্যমে সেবা সহজীকরণ/ডিজিটাইজেশন করা যেতে পারে।<br>০৬) মামলা ব্যবস্থাপনা সিস্টেম এবং ভেহিক্যাল ই-রিকুইজেশন ও ব্যবস্থাপনা সিস্টেম তৈরী<br>০৭) LIMS (Lightning Information Management System) including Media & Monitoring.<br><br>সভায় জনাব প্রবীর কুমার দাস জানান ক্রমিক নং ০১ হতে ০৪ এ উল্লিখিত প্রস্তাবগুলো একই ধরনের। এ প্রেক্ষিতে উক্ত ০৪টি প্রস্তাবের সমন্বয়ে একটি সফটওয়্যার তৈরী করা যেতে পারে। প্রয়োজনে প্রতিটির জন্য পৃথক পৃথক মডিউল রাখা যেতে পারে এবং সফটওয়্যারটির নামকরণ নিম্নরুপ রাখা যেতে পারে:<br>"সামাজিক নিরাপত্তা কর্মসুচির উপকারভোগীদের ডাটাবেজ তৈরিসহ বাস্তবায়িত প্রকল্পের তথ্য ও মজুরী পরিশোধ বিষয়ক অনলাইন সিস্টেম তৈরীকরণ" সফটওয়্যারটি ২০২৩-২৪ অর্থ বছরে উদ্ভাবনী ধারনা হিসেবে রাখা যেতে পারে মর্মে জানান। | তৈরি করা যেতে পারে। | |
| ২. | অন্যান্য উদ্ভাবনী প্রস্তাব | উপপরিচালক (পরিকল্পনা) জনাব ইউনুছ আলী সভায় জানান, এই দপ্তরের আওতায় Project এবং অন্যান্য শাখা হতে Digital উন্নয়নের জন্য যে সকল সফটওয়্যার ব্যবহার করা হয় সে সকল সফটওয়্যার নিয়ে ০১টি সমন্বিত (Intrigrated Software) তৈরির উদ্যোগ নেয়া যেতে পারে। যার ফলে বিভিন্ন প্রকারের দুর্যোগের Catagory অনুযায়ী ভিন্ন ভিন্ন সফটওয়্যারগুলো ০১টি মাত্র Disaster Resilience Gateway এর মাধ্যমে তথ্য আদান প্রদান, সতর্ক বার্তা প্রদান ও পূর্ব প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণসহ তা উন্মুক্তকরনের মাধ্যমে জনগণের সর্বোচ্চ সেবা নিশ্চিত করা যেতে পারে। এর আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের কক্ষে এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের কক্ষে ০১টি Dashboard স্থাপন করে যে কোন দুর্যোগ কালীন সময়ে সে সম্পর্কে তথ্য জানা, পরামর্শ দেয়া এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য তা সহায়ক হবে। বিস্তারিত আলোচনান্তে এ জাতীয় একটি Enterprise Resource Planing (ERP) সফটওয়্যার একটি প্রকল্প গ্রহণের মাধ্যমে তৈরি করা যায় মর্মে সকল সদস্য একমত পোষন করেন। | একটি প্রকল্প গ্রহণের মাধ্যমে একটি Enterprise Resource Planing (ERP) সফটওয়্যার তৈরীর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও ইনোভেশন ফোকাল পয়েন্ট |
| ৩. | বিবিধ | বিগত সভার কার্যবিবরণী নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। উপরোক্ত বিষয় ছাড়াও বিগত সভার অন্যান্য বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য সকলকে অনুরোধ জানানো হয়। | বিগত সভার সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

৩।	সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
পরিচালক (এমআইএম-চ.দা.)
ও
আহবায়ক
ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন টীম
ফোন: ০২-২২২২৯৫৩৫৬
E-mail: dmim@ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০৪০.০৬.০৪৩.২৩. ৯৯৪

তারিখ: ৩০ /১০/২০২৩ খ্রি:।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:

১। পরিচালক/প্রকল্প পরিচালক (সকল) , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
২। উপপরিচালক (পরিকল্পনা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
৩। উপপরিচালক (কাবিখা-১), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (পরিকল্পনা শাখায় সংযুক্ত) ও ফোকাল পয়েন্ট, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন টীম, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
৭। কমিউনিকেশন মিডিয়া স্পেশালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
৮। সহকারী পরিচালক (জিআইএস), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অফিস কপি/গার্ড ফাইল।

(মোহাম্মদ হাফিজুর রহমান)
সহকারী পরিচালক (জিআইএস)
ও
সদস্য-সচিব
ই- গভর্ন্যান্স ও উদ্ভাবন টীম
ফোন: ০২২২২২৬০৮২৯
e-mail: adgis@ddm.gov.bd

D:\innovation\innovation 23-24\ইনোভেশন\resulation\ই-গভর্ন্যান্স ২য় সভার কার্যবিবরণী.docx